

## রামগতিতে মেঘনার অব্যাহত ভাঙনে ১০টি স্কুলভবন হুমকির মুখে

লক্ষ্মীপুর থেকে মো. জাকির হোসেন : মেঘনার অব্যাহত ভাঙনে রামগতি উপজেলার ১০টি সরকারি ও রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় হুমকির মুখে পড়েছে। অবিলম্বে বিদ্যালয়গুলো সরিয়ে নেয়া না হলে, পর্যায়ক্রমে নদীতে বিলীন হয়ে যাবে। ইতোমধ্যে ভাঙন থেকে রক্ষা করার জন্য ৬টি বিদ্যালয় সরিয়ে নেয়া হয়েছে। ভাঙন কবলিত স্কুলগুলোর মধ্যে রয়েছে বড় লম্বাখালী সরকারি প্রাথমিক বিদ্যালয়, চরবালুয়া রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়, পশ্চিম চর আলেকজান্ডার সরকারি প্রাথমিক বিদ্যালয়, দক্ষিণ-পশ্চিম চরআলেকজান্ডার রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়, মধ্য আলেকজান্ডার সরকারি প্রাথমিক বিদ্যালয়, দক্ষিণ-পূর্ব চরআলেকজান্ডার সরকারি প্রাথমিক বিদ্যালয়। চরগজারিয়ার, দক্ষিণ চরআবদুল্লা সরকারি প্রাথমিক বিদ্যালয়, দক্ষিণ চরআলগী সরকারি প্রাথমিক বিদ্যালয়, উত্তর-পশ্চিম রঘুনাথপুর রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় ও রঘুনাথপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়।

২৫শে আগস্ট কাটাবনিয়া সরকারি

প্রাথমিক বিদ্যালয়ে বিদেশি অর্থায়নে প্রায় ৪৫ লাখ টাকা ব্যয়ে নির্মিত ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্রটি নদীতে বিলীন হয়ে গেছে। ২১শে অক্টোবর লম্বাখালী সরকারি প্রাথমিক বিদ্যালয়-কাম ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্রটি উপজেলা কর্তৃপক্ষ নিলামে বিক্রি করে দিয়েছে। বিশ্বখ্যাত সরকারি প্রাথমিক বিদ্যালয়ের একটি পরিত্যক্ত ভবনে এ বিদ্যালয়ের কার্যক্রম শুরু করা হয়েছে।

ভাঙনের মুখে অবস্থান করছে এমন বিদ্যালয়গুলোর কয়েকজন প্রধান শিক্ষক সংবাদ প্রতিনিধিকে জানান, বর্তমানে সিআরপি ভেড়িবাধের বিভিন্ন স্থানে ভেঙে যাওয়া বিদ্যালয়ে জোয়ারের পানি প্রবেশ করেছে। ফলে ফসলেরও ব্যাপক ক্ষতি হচ্ছে।